

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ
ইনস্টিটিউট (বারটান)
পুষ্টি বিশ্লেষণ শাখা

কৃষিই সমৃদ্ধি

বারটানের ইনোভেশন কমিটির মাসিক (সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ) সভার কার্যবিবরণী।


সভাপতি	তাসনীমা মাহ্ জাবীন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও সভাপতি, ইনোভেশন কমিটি, বারটান
সভার তারিখ	০৪.০৯.২০১৯ খ্রিঃ
সভার সময়	বেলা: ১০.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয়, বারটান।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। ২৬ ডিসেম্বর ২০১৭ ইং তারিখে গঠিত বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর ইনোভেশন কমিটি ২৯ মে ২০১৮ ইং পুনর্গঠন করা হয়। ইনোভেশন কমিটির মাসিক (সেপ্টেম্বর) সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তার নাম
১.	অনলাইন রেজিস্ট্রেশন: প্রশিক্ষক প্রশিক্ষণে আগত প্রশিক্ষণার্থীসহ অন্যান্য প্রশিক্ষণার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রোগ্রামার ও জনসংযোগ কর্মকর্তা জানান এ বিষয়ে একটি ফরমেট প্রস্তুত করা হয়েছে।	আগামী ৬ অক্টোবরের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশনের ব্যবস্থা করতে হবে	প্রোগ্রামার জনসংযোগ কর্মকর্তা
২.	বারটান ওয়েবসাইটের ছবি আপডেট: বারটান ওয়েবসাইটের ফোকালে মাননীয় প্রধান মন্ত্রী ও কৃষি মন্ত্রীর ছবি সংযুক্ত করা এবং বারটান-এর কাজের সাথে সংগতিপূর্ণ খাদ্য ও পুষ্টি বিষয়ক তথ্য সম্বলিত ছবি সংযুক্ত করতে হবে। জনসংযোগ কর্মকর্তা ছবি সরবরাহ করবে এবং পরে ইনোভেশন কমিটি উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে তা চূড়ান্ত করবে।	বারটান-এর ইনোভেশন কমিটির পরবর্তী সভার (অক্টোবর) পূর্বে আপডেট করতে হবে	প্রোগ্রামার জনসংযোগ কর্মকর্তা
৩.	পুষ্টি সম্পর্কিত তথ্য বারটান ওয়েব সাইটে সংযুক্ত করা: বারটান ওয়েবসাইটে পুষ্টি সম্পর্কিত তথ্য স্ক্রল আকারে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়।	ইনোভেশন কমিটির পরবর্তী সভার (অক্টোবর) পূর্বে সংযুক্ত করতে হবে	তাসনীমা মাহ্জাবীন প্রোগ্রামার

৪.	বারটান ওয়েবসাইট আরো সমৃদ্ধ করা: বিভিন্ন কৃষি গবেষণা প্রতিষ্ঠানের ওয়েবসাইট যাচাই করে বারটান-এর ওয়েবসাইট আরো সমৃদ্ধ করার বিষয়ে আলোচনা হয়।	আগামী ১৪ সেপ্টেম্বরের মধ্যে ওয়েবসাইট সমৃদ্ধ করণে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে	প্রোগ্রামার গোলাম ছগির আহাম্মদ সৈয়দ সাক্কির আহমেদ কাওসার আহমেদ
৫.	সেবা সহজীকরণে প্রসেস ম্যাপ বাস্তবায়ন: বারটান কর্তৃক প্রদানকৃত কোন একটি সেবা সহজীকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে অচঅ কর্মকর্তা ইনোভেশন কমিটিকে অবহিত করেন।	আগামী ১৫ অক্টোবরের মধ্যে সংশ্লিষ্টদের উপস্থিতিতে কোন একটি সেবা চিহ্নিত করে তার প্রসেস ম্যাপ বাস্তবায়ন পূর্বক অফিস আদেশ জারি করতে হবে	নির্বাহী পরিচালক পরিচালক তাসনীমা মাহজাবীন মাকছুদুল হক প্রিন্স বিশ্বাস
৬.	ইনোভেশন কমিটি পুনর্গঠন: বর্তমান ইনোভেশন কমিটি পুনর্গঠন করা প্রয়োজন কি না আলোচনা সাপেক্ষে প্রয়োজন হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	আগামী ১২ সেপ্টেম্বরের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে	পরিচালক তাসনীমা মাহজাবীন প্রিন্স বিশ্বাস
৭.	ইনোভেশন আইডিয়া আহ্বান: মন্ত্রীপরিষদ হতে গৃহীত নির্দেশনা মোতাবেক বারটান এর প্রধান ও আঞ্চলিক অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীর নিকট ইনোভেশন আইডিয়া আহ্বান করার বিষয়ে আলোচনা হয়।	আগামী ১২ সেপ্টেম্বরের মধ্যে নির্দিষ্ট ফরমে ইনোভেশন আইডিয়া আহ্বান করা এবং এতদসংশ্লিষ্ট অফিস আদেশ জারি করতে হবে	নির্বাহী পরিচালক পরিচালক তাসনীমা মাহজাবীন প্রিন্স বিশ্বাস

২। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



তাসনীমা মাহ জাবীন

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও সভাপতি,

ইনোভেশন কমিটি, বারটান

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.২২.০০১.১৯-৩২৪

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯


বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১) পরিচালক (যুগ্মসচিব), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।

২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ) (সকল)

৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান/আঞ্চলিক কার্যালয়।

- ৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ৫) বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ৬) প্রশাসনিক কর্মকর্তা/জনসংযোগ কর্মকর্তা, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ৭) নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) হিসাব শাখা, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা
- ৯) অফিস কপি/সংশ্লিষ্ট নথি, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।



প্রিন্স বিশ্বাস

বৈজ্ঞানিক কর্মকর্তা ও সদস্য-সচিব/ফোকাল
পয়েন্ট, ইনোভেশন কমিটি, বারটান